**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

**কৃষি ব্যাংকে সঞ্চয় করুন**
**গ্রামের টাকা গ্রামেই রাখুন।**

ফোন ঃ ৯৫৫৬৯৩১
dgmaccounts1@krishibank.org.bd

## কেন্দ্রীয় হিসাব বিভাগ

প্রকা/(হিসাব-১)পরিপত্র নং-১৭/২০১৯ তারিখ ঃ ১২-০৬-২০১৯

১। মহাব্যবস্থাপক
লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা
২। উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখাসমূহ
৩। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

**বিষয় ঃ ৩০ জুন, ২০১৯ তারিখ ভিত্তিক বার্ষিক হিসাব সমাপনী প্রসংগে**

শিরোনামে বর্ণিত বিষয়ে হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল, ২০১০(১ম খন্ড) এর ১৩.০১ হতে ১৩.৪১ নং অনুচেছদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচেছ।

০২। সকল শাখাকে ম্যানুয়েলের উক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত নির্দেশনা ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত পত্র/পরিপত্রের নির্দেশনানুযায়ী বার্ষিক হিসাব সমাপনী ৩০ জুন, ২০১৮ সম্পন্ন করে উক্ত তারিখের একটি সমাপনীপূর্ব "বৈষয়িক বিবরণী, এসিএফ-৩৭" প্রেরণ করতে হবে। এতদ্‌উদ্দেশ্যে প্রধান কার্যালয় হতে সকল শাখায় মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ই-মেইলে একটি এক্সসেল সীট/ই-ফরম প্রেরণ করা হবে।

০৩। হিসাব সমাপনীর সুবিধার্থে নিম্নেবর্ণিত দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সকলকে পরামর্শ প্রদান করা হলো ঃ

৩.০১। **২১-চলতি আমানত হিসাব ঃ**

প্রতিটি কারেন্ট ডিপোজিট এ্যাকাউন্ট (সিডি) বা চলতি হিসাব হতে একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ ৫০০/- টাকা এবং ভ্যাট বাবদ ৭৫/- টাকা (১৫% হারে) সর্বমোট ৫৭৫/- পাঁচশত পঁচাত্তর) টাকা আদায় করতে হবে। কোন চলতি হিসাবের স্থিতি পরিমাণ ৫০০/- টাকা বা উক্ত টাকার কম থাকলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। স্থানান্তর ভাউচারটি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ২১-চলতি হিসাব | ৪৬/১৬ (একাউন্ট মেইনটেনেন্স ফি) |
| | ৪১/১০ক (ভ্যাট) |

সুত্রনং- হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৬/২০১০ তারিখঃ ১০-০১-২০১০

৩.০২। **২২-সঞ্চয়ী আমানত হিসাব ঃ**

ক) ১ জানুয়ারী, ২০১৮ হতে ৩০ জুন, ২০১৮ পর্যন্ত প্রতি মাসের নূন্যতম স্থিতিকে ভিত্তি ধরে সঞ্চয়ী আমানত হিসাবে যে কোন অংকের স্থিতির উপর নিম্নবর্ণিত হারে সুদ প্রদান করতে হবে। এক্ষেত্রে হিসাব ম্যানুয়েল ২০১০ এর অনুচ্ছেদ নং ১৯.১০ যথাযথভাবে অনুসরন করতে হবে। সর্বনিম্ন সুদের পরিমাণ হবে ১০/- টাকা। সুদের উপর প্রযোজ্য হারে (১০% বা ১৫% হারে) উৎসে কর কর্তন করতে হবে। সঞ্চয়ী আমানত হিসাবের উপর ছকে উল্লেখিত হারে সুদ ধার্য্য করতে হবে ঃ

| সময়কাল | গ্রাম/শহর | সুদের হার |
|---|---|---|
| ০৫-০২-২০১৭ তারিখ হতে অদ্যাবধি | গ্রাম ও শহর নির্বিশেষে | ৩.৫০% |

সুত্র নং-পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২২/২০১৭ তারিখঃ ৩১-০১-২০১৭, ০৭/২০১৮ তারিখ ১৬-০১-২০১৮ এবং হিসাব পরিপত্র নং-০৭/২০১৮ তারিখ ০১-০৩-২০১৮

খ) সঞ্চয়ী আমানত হিসাবসমুহের উপর নিম্নোক্ত হারে একাউন্ট মেইনটেনেন্স ফি আদায় করতে হবে ঃ
- ৫,০০০/-টাকা পর্যন্ত গড় স্থিতির ক্ষেত্রে কোন প্রকার Fee আদায় করা যাবেনা।
- ৫,০০১/- হতে ২৫,০০০/- টাকা পর্যন্ত গড় স্থিতির ক্ষেত্রে একাউন্ট মেইনটেনেন্স ফি প্রতি ষান্মাসিকে ১০০/- ও ভ্যাট ১৫/-টাকাসহ সর্বমোট ১১৫/-(একশত পনের) টাকা আদায় করতে হবে।
- ২৫,০০০/- টাকার উর্ধ্বে স্থিতির ক্ষেত্রে একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ প্রতি ষান্মাসিকে ৩০০/- ও ভ্যাট ৪৫/- টাকাসহ সর্বমোট ৩৪৫/-(তিনশত পঁয়তালিশ) টাকা আদায় করতে হবে।

গ) **কৃষি উপকরণ সহায়তা কার্ডধারী কৃষকের বিশেষ ভর্তুকীর জন্য খোলা আমানত হিসাব, পল্লী প্রগতি প্রকল্প, ঘরে ফেরাসহ অন্যান্য দারিদ্র বিমোচন কর্মসুচীর সুফলভোগীদের হিসাবসমুহ হতে একাউন্ট মেইনটেনেন্স ফি কর্তন করা যাবেনা।**

ঘ) উপরোক্ত ক ও খ এর ক্ষেত্রে স্থানান্তর ভাউচারটি হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/... (এ্যাফেয়ার্সে উল্লেখিত সুদ ব্যয় উপ-খাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ২২-সঞ্চয়ী হিসাব |
| ২২-সঞ্চয়ী হিসাব | ৪১/১৬ (উৎসে আয়কর) |
| | ৪৬/১৬ (একাউন্ট মেইনটেনেন্স ফি) |
| | ৪১/১০ক (ভ্যাট) |

চলমান পাতা-২

৩.০৩। **২১৩-স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি) হিসাব ঃ**

স্পেশাল নোটিশ ডিপোজিট(এসএনডি)'এ দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে সুদ প্রদান করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসেকর কর্তন করতে হবে। এসএনডি হিসাব পরিচালনা ও এর উপর সুদ ধার্যকরণের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১০ তারিখঃ ১১-০৮-২০১০'এ বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে। ষান্মাসিক ভিত্তিতে প্রতিটি হিসাব হতে একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ ৫০০/- টাকা ও ভ্যাট বাবদ ৭৫/- সর্বমোট ৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর) আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- (পাঁচশত) টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। এসএনডি হিসাবের উপর নিম্নোক্ত ছকে উল্লেখিত হারে সুদ ধার্য্য করতে হবে ঃ

| সময়কাল | শহর/গ্রাম | সুদের হার |
|---|---|---|
| ০১-০৩-২০১৮ তারিখ হতে | গ্রাম ও শহর নির্বিশেষে | ৪.০০% |

সুত্র নং-পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- নং-০৭/২০১৮ তারিখ ০১-০৩-২০১৮।

৩.০৪। **২৩-স্থায়ী আমানত হিসাব ঃ**

ক) বার্ষিক হিসাব সমাপণীকালে সকল মেয়াদপূর্ণ স্থায়ী আমানত হিসাবসমুহের উপর সুদ ধার্য করে যথাযথ খাতে হিসাবভুক্ত করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে। সুদ ধার্য্যের ক্ষেত্রে নিম্নরূপ স্থানান্তর ভাউচার হবে ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/..... (এ্যাফেয়ার্সে উল্লেখিত সুদ ব্যয় উপ-খাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ২৩-স্থায়ী আমানত হিসাব |
| ২৩-স্থায়ী আমানত হিসাব | ৪১/১৬-উৎসে আয়কর |

খ) মেয়াদ পূর্ণ হয় নাই এমন হিসাবসমুহের ক্ষেত্রে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত দিনের সংখ্যা হিসাব করে নির্ধারিত হারে সুদ প্রভিশন করতে হবে। **<u>এ ক্ষেত্রে অত্র বিভাগ হতে জারীকৃত ২৫-০৪-২০১৮ তারিখে পত্র নং প্রকা/হিসাব-১/১(৪)/২০১৭-১৮/১২৯১ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রভিশনের ক্ষেত্রে কোনরূপ শৈথিল্য প্রদর্শন করলে তা কঠোর দৃষ্টিতে দেখা হবে। প্রভিশনকৃত সুদের উপর উৎসে কর কর্তন করা যাবে না</u>।** প্রভিশন সুদ ধার্য্যের ক্ষেত্রে নিম্নরূপ স্থানান্তর ভাউচার হবে ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/..... (এ্যাফেয়ার্সে উল্লেখিত সুদ ব্যয় উপ-খাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ৪১/৪-স্থায়ী আমানতের প্রদেয় সুদ হিসাব |

গ) উল্লেখ্য আলোচ্য হিসাবের উপর সময়ে সময়ে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ ধার্য্য/প্রভিশন করতে হবে।

৩.০৫। **২৩/১ বিকেবি ডাবল প্রফিট স্কীম ঃ**

৬(ছয়) বছর মেয়াদী বার্ষিক ১২.২৫% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। সুদ প্রদান পদ্ধতি ও হিসাবায়ন পদ্ধতি অনুচেছদ নং-পরিপত্রের ৩.০৩ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রচলিত হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৪ তারিখঃ ২৫-০৬-২০১৪ মোতাবেক বর্তমানে উক্ত হিসাব খোলা বন্ধ করা হয়েছে। পরবর্তীতে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি)পরিপত্র নং-১৪/২০১৪ তারিখঃ ১৯-১০-২০১৪ মোতাবেক পুনরায় ৮(আট) বছর মেয়াদী বার্ষিক ৯.২৫% চক্রবৃদ্ধি সুদ হারে উক্ত হিসাব চালু করা হয়। এ বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬-০২-২০১৭ যথাযথভাবে অনুসরন করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সূত্র নং-ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৩/২০১২ তারিখঃ ২৭-০৩-২০১২

৩.০৬। **২৩/২ বিকেবি মাসিক প্রফিট স্কীম ঃ**

৫(পাঁচ) বছর মেয়াদী বার্ষিক ১২.০০% সুদ হারে এবং পরবর্তীতে ১২.৫০% সুদ হারে (২৬-১২-২০১২ হতে) মাসিক ভিত্তিতে চলতি/সঞ্চয়ী আমানত হিসাবের মাধ্যমে সুদ প্রদানযোগ্য হবে। প্রচলিত হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৪ তারিখঃ ২৫-০৬-২০১৪ মোতাবেক বর্তমানে উক্ত হিসাব খোলা বন্ধ করা হয়েছে। পরবর্তীতে শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-১৪/২০১৪ তারিখঃ ১৯-১০-২০১৪ মোতাবেক পুনরায় ৩/৫(তিন/পাঁচ) বছর মেয়াদী বার্ষিক ১০.৮০% সুদ হারে উক্ত হিসাব চালু করা হয়।

সূত্র নং-ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৩/২০১২ তারিখঃ ২৭-০৩-২০১২ এবং এ বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬-০২-২০১৭এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

৩.০৭। **২৩/৩ বিকেবি অবসর সঞ্চয় প্রকল্প ঃ**

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রকা, ঢাকা'র সার্কুলার লেটার নং-০৬/২০১৫ তারিখ ০৩-১১-২০১৫ এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

৩.০৮। **২৩/৪ বিকেবি ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প ঃ**

৩(তিন) বছর মেয়াদী বার্ষিক ৭.৫০% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সুত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৪/২০১৯ তারিখঃ ২৮-০৩-২০১৯

৩.০৯। **২৩/৫ বিকেবি ডাবল প্রফিট স্কীম ঃ**

৯(নয়) বছর মেয়াদী বার্ষিক ৮.২৫% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সুত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৭/২০১৯ তারিখঃ ৩১-০৩-২০১৯

৩.১০। **২১১-কর্মকর্তা/কর্মচারীদের নিরাপত্তা জামানতের উপর সুদ ঃ**

৩০ জুন, ২০১৯ বার্ষিক হিসাব সমাপণীকালে অফিসার (ক্যাশ)/কোষাধ্যক্ষ/সহকারী কোষাধ্যক্ষ/মুদ্রাক্ষরিক/অন্যান্য কর্মচারীদের নিরাপত্তা জামানতের উপর প্রচলিত ব্যাংক রেটের চেয়ে ৩% বেশী হারে সুদ প্রদান করতে হবে। উক্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে।

সুত্রঃ অপারেশন পরিপত্র নং-৮৭/৯৩ তারিখঃ ২৪-০৮-৯৩ ও অপারেশন পরিপত্র নং-২৫/২০০৩ তারিখঃ ১৫-১১-২০০৩

চলমান পাতা-৩

৩.১১। **২২২-শিক্ষক সঞ্চয় প্রকল্প ঃ**

বিকেবি, ''শিক্ষক সঞ্চয় প্রকল্প'' হিসাবে জমা টাকার উপর বার্ষিক ৬.৫০% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(সি) হিসাব খাত ডেবিট এবং ২২২-শিক্ষক সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সূত্র-হিসাব ও নিরীক্ষা (হিসাব-১)পরিপত্র নং-১৬/২০০২ তারিখঃ ১৪-০৯-২০০২ ও প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১২৩৯তারিখ০৫-০৩-০৯

৩.১২। **২২৩-ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প ঃ**

বিকেবি, ''ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প'' হিসাবে জমা টাকার উপর বার্ষিক ৬.০০% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(ডি) হিসাব খাত ডেবিট এবং ২২৩-ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সূত্র-নিরীক্ষা ও হিসাব (হিসাব-১)পরিপত্র নং-২১/২০০২ তারিখঃ ০২-১২-২০০২ ও প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১২৩৯তারিখ০৫-০৩-০৯

৩.১৩। **২২৫-শিক্ষা সঞ্চয় প্রকল্প ঃ**

''শিক্ষা সঞ্চয় পকল্প'' হিসাবের উপর নিম্নোক্ত ছকে উল্লেখিত হারে সুদ প্রদান করতে হবে। উক্ত সুদ ১৩৩/৩৭(ই) খাত ডেবিট এবং ২২৫ শিক্ষা সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

| **মাসিক কিস্তি ভিত্তিক সঞ্চয় প্রকল্প** | **এককালীন জমা ভিত্তিক আমানত প্রকল্প** |
|---|---|
| ৫ বছর মেয়াদের জন্য বার্ষিক-৫.০০% | ৭ বছর মেয়াদের জন্য বার্ষিক-৬.৫০% |
| ৭ বছর মেয়াদের জন্য বার্ষিক-৫.৫০% | ১০ বছর মেয়াদের জন্য বার্ষিক-৭.০০% |
| ১০ বছর মেয়াদের জন্য বার্ষিক-৬.০০% | ১৫ বছর মেয়াদের জন্য বার্ষিক-৭.২৫% |

সূত্র-পরিকল্পনা ও পরিচালন বিভাগের পরিপত্র নং-২৭/২০০৩ তারিখঃ ০৪-১২-২০০৩ ও ০১/২০১৭ তারিখঃ ১৬-০২-২০১৭

৩.১৪। **২২৬-বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীম ঃ**

উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(এফ) হিসাব খাত ডেবিট এবং ২২৬-বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসেকর কর্তন করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

| মেয়াদ | সুদের হার (২৭-১১-০৭ হতে খোলা সঞ্চয়ী স্কীম হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত) | সুদের হার (১৬-০২-১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|
| ৭ বছর মেয়াদের জন্য | ৯.০০% | ৭.০০% | চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে |

সূত্র-হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-১০/২০০৭ তারিখঃ ২৭-১১-২০০৭ ও পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬-০২-২০১৭

৩.১৫। **২২৭-কৃষাণ-কৃষাণী সঞ্চয় স্কীম ঃ**

সঞ্চয়ী আমানত হিসাবের নীতিমালা অনুযায়ী এ স্কীমে জমাকৃত টাকার উপর সঞ্চয়ী আমানতের সুদের হার অপেক্ষা ১% বেশী সুদারোপ করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(জি) খাত ডেবিট এবং ২২৭-কৃষাণ-কৃষাণী সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

সূত্র-ডিএমডি/পরিপত্র নং-হিসাব-০৫/২০০৬ তারিখ ২০/০৭/২০০৬

৩.১৬। **২২৮-মাসিক/ত্রৈমাসিক মুনাফা স্কীম ঃ**

এ স্কীমে মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত হারে সুদ ধার্য করে ১৩৩/৩৭(এইচ) হিসাব খাত ডেবিট এবং ২২৮ হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।** এ স্কীমের সুদের হার নিম্নরূপ ঃ

| মেয়াদ | সুদের হার (০৫-১০-০৮ হতে খোলা মাসিক/ত্রৈমাসিক স্কীম হিসাবের মেয়াদপুর্ণ পর্যন্ত) | সুদের হার (১৬-০২-১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে প্রযোজ্য) | মন্তব্য |
|---|---|---|---|
| ৩/৫ বছরের জন্য | ৮.৫০% ও ৯.০০% | ৬.৫০% | সরল সুদ হার প্রযোজ্য |

সূত্র-হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৫/২০০৮ তারিখঃ ০৫-১০-২০০৮ ও পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬-০২-২০১৭

৩.১৭। **২২৯-বিকেবি মাসিক সঞ্চয় স্কীম (এমএসএস) ঃ**

বার্ষিক ভিত্তিতে প্রতি জুন মাসে চক্রবৃদ্ধি হারে সুদ ধার্য করে ১৩৩/৩৭(জে) হিসাব খাত ডেবিট এবং ২২৯ বিকেবি মাসিক সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।** এ স্কীমে সুদের হার নিম্নরূপঃ

| ক্রঃ | মেয়াদ | সুদের হার | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ২৩-০১-১২ হতে ২৫-০৬-১৪পর্যন্ত খোলা হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত | ২৬-০৬-১৪ হতে ০৫-১২-১৬ খোলা হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত | ০৬-১২-১৬ হতে ১৫-০২-১৭খোলা হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত | ১৬-০২-১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে | |
| ক | ৩ বছর মেয়াদী | ১১.০০% | ১০.০০% | ৮.০০% | ৬.০০% | চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য |
| খ | ৫ বছর মেয়াদী | ১০.৫০% | ৯.৫০% | ৮.০০% | ৭.০০% | |
| গ | ১০ বছর মেয়াদী | ৯.৫০% | ৯.০০% | ৮.০০% | ৭.০০% | |

সূত্র-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-২০/২০১৬ তারিখঃ ০৬-১২-২০১৬ ও ০১/২০১৭ তারিখঃ ১৬-০২-২০১৭

চলমান পাতা-৪

৩.১৮। **২৩০-ষ্টুডেন্ট সেভিংস একাউন্ট ঃ**

ষ্টুডেন্ট সেভিংস একাউন্ট এ জমাকৃত টাকার উপর ব্যাংকের নির্ধারিত সঞ্চয়ী আমানতের জন্য প্রযোজ্য সুদ হার অপেক্ষা **১%** বেশি হারে সুদ প্রদান করতে হবে। প্রদানকৃত সুদ হতে সরকারি ফি (যথাঃ উৎসে কর ও আবগারী) ব্যতীত অন্য কোন চার্জ/ফি কর্তন করা যাবে না। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সূত্র নং- ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৯/২০১৩ তারিখঃ ১১-১১-২০১৩

৩.১৯। **২৩১ বিকেবি মিলেনিয়াম স্কীম ঃ**

৩/৫/৭/১০ বছর মেয়াদী বার্ষিক যথাক্রমে (৭.২৫/৭.৫০/৭.৭৫/৮.২৫)% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৯ তারিখঃ ৩১-০৩-২০১৯

৩.২০। **২৩২ বিকেবি মাসিক ডিপোজিট স্কীম ঃ**

৩/৫/৭/১০ বছর মেয়াদী বার্ষিক যথাক্রমে (৭.২৫/৭.৫০/৮.০০/৮.২৫)% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০১৯ তারিখঃ ৩১-০৩-২০১৯

৩.২১। **২৩৩ বিকেবি লাখপতি স্কীম ঃ**

৭ বছর মেয়াদী বার্ষিক ৮.২৫% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। **এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ প্রভিশন করতে হবে।**

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৯/২০১৯ তারিখঃ ০৬-০৫-২০১৯

৩.২২। **সঞ্চয় স্কীমসমুহের দেয়/মেয়াদপুর্তির তারিখ সম্পর্কে স্পষ্টীকরণ ঃ**

পত্র নং-প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১৬১৪ তারিখ ২৪-০৫-০৯ এর মাধ্যমে বিকেবি'র প্রণীত সঞ্চয় স্কীমসমুহের দেয়/মেয়াদপুর্ত্তির তারিখ সম্মর্কে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হয়েছে। বিকেবি'র মাসিক কিস্তিভিত্তিক সকল সঞ্চয় স্কীমের ক্ষেত্রে হিসাব খোলার তারিখকে ভিত্তি হিসাবে ধরে শেষ কিস্তি জমা দেয়ার পরবর্তী মাসে হিসাব খোলার তারিখে কিংবা পরবর্তী কর্মদিবসে স্কীমের অর্থ সুদ আসলে (অন্যান্য শর্ত পুরণ সাপেক্ষে) আমানতকারীকে প্রদান করতে হবে। উদাহরণ স্বরূপঃ আমানতকারী যদি হিসাব খোলার সময় **১ম** কিস্তির টাকা ৮ তারিখে জমা করেন তাহলে ৫ বছর মেয়াদী সঞ্চয় স্কীমের ক্ষেত্রে **৬১**তম মাসের ৮ তারিখ বা তৎপরবর্তী কর্মদিবসে আমানতের টাকা সুদ আসলে প্রদেয় হবে। এখানে উল্লেখ্য যে, শেষ কিস্তির টাকা যদি হিসাব খোলার তারিখের পরবর্তী কোন তারিখে জমা হয়ে থাকে সে ক্ষেত্রে শেষ কিস্তিতর টাকা জমার ৩০ দিন অতিক্রান্ত হওয়ার পরবর্তী তারিখে আমানতকারীকে সুদাসলে সমুদয় টাকা প্রদেয় হবে।

৩.২৩। **ক. আমানতের সুদের উপর উৎসে আয়কর কর্তন ঃ**

অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩F ধারায় আনীত সংশোধনীর প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে নির্দেশনা প্রদান করছে যে, সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের প্রত্যেক গ্রাহকের হিসাবে যেদিন সুদ/মুনাফা ক্রেডিট অথবা জমা প্রদান করবেন, উক্ত তারিখে গ্রাহকের **১২** ডিজিটের টিআইএন/ই-টিন থাকলে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সুদ/মুনাফার উপর **১০%** হারে উৎসে কর কর্তন করতে হবে; এবং ঐ তারিখে **১২**ডিজিটের টিআইএন/ই-টিন না থাকলে সুদ/মুনাফার উপর **১৫%** হারে উৎসে কর কর্তন করতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকার কর্তৃক অনুমোদিত কারিকুলাম অনুযায়ী পাঠদানকারী এমপিওভূক্ত শিক্ষা প্রতিষ্ঠান এবং আইন দ্বারা প্রতিষ্ঠিত ও পেশাজীবী পর্ষদ কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান যথা Institute of Chartered Accounts of Bangladesh, Institute of Cost and Management Accounts of Bangladesh এবং Institute of Chartered Secretaries এর টিআইএন থাকুক বা না থাকুক তাদের প্রদেয় সুদ বা মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। অর্থ আইন,২০১৬ এর মাধ্যমে নতুন সংযোজিত বিধান অনুযায়ী Fund( Provident Fund, Pension Fund, Gratuaty Fund, Superannuation Fund, Workers Participation Fund etc.) এর নামে পরিচালিত সঞ্চয়ী হিসাব ও স্থায়ী বা মেয়াদী আমানতের সুদ/মুনাফার উপর ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হতে ৫% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে।

**খ. সঞ্চয়পত্রের সুদ প্রদানের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন ঃ**

সময়ে সময়ে জারীকৃত পরিপত্র/নির্দেশনা মোতাবেক সঞ্চয়পত্রের উপর উৎসে আয়কর কর্তন করতেহবে।

**গ. পেনশনার সঞ্চয়পত্র এবং ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড ঃ**

সময়ে সময়ে জারীকৃত পরিপত্র/নির্দেশনা মোতাবেক সঞ্চয়পত্রের উপর উৎসে আয়কর কর্তন করতেহবে।

৩.২৪। **উৎসে আয়কর ও ভ্যাট কর্তন ঃ**

সকল শাখা/কার্যালয় কর্তৃক সকল প্রকার সেবা/বিল(কম্পিউটারাইজেশনের আওতায় অবকাঠামো উন্নয়ন বিলসহ) হতে প্রযোজ্য হারে ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করার বিধান রয়েছে। সকল প্রকার ব্যাংকিং ও নন ব্যাংকিং আয়ের ক্ষেত্রে অবশ্যই **১৫%** হারে ভ্যাট কর্তন করতে হবে। বিগত ০৯-০৭-২০১৮ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/৬(৪৮)২০১৮-১৯/১৮(১২৫০) এবং ১৭-১০-২০১৮ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/৬(৪৮)২০১৮-১৯/৩৭৭(১২৫০) অনুযায়ী ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করার জন্য সংশিস্নষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। উক্ত পত্রে উল্লেখিত নিম্নোক্ত ছকে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ তাদের নিয়ন্ত্রনাধীন সকল শাখার বিবরণী একীভূত করে অঞ্চলাধীন প্রধান শাখা কর্তৃক ইস্যুকৃত একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইসসহ অত্র বিভাগের কর্মকর্তা জনাব মোঃ শফিকুর রহমান বরাবর ৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

ছক

বাংলাদেশ কৃষি ব্যাংক

.................... শাখা

....................অঞ্চল

বিষয় ঃ ৩০-০৬-২০১৯ তারিখ ভিত্তিক কর্তনকৃত ভ্যাট ও উৎসে আয়করের বিবরণী

| ক্রঃ | শাখা/ কার্যালয়ের নাম | বাড়ী ভাড়ার উপর কর্তনকৃত | | নিরাপত্তা প্রহরীদের বেতনের উপর কর্তনকৃত | | আমানতের সুদের উপর ৫%/১০%/১৫% হারে কর্তনকৃত উৎসে কর (প্রযোজ্য ক্ষেত্রে) | মোট প্রকৃত টাকায় ৮=(৩+৪+৫+৬+৭) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ভ্যাট | উৎসে কর | ভ্যাট | উৎসে কর | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| সর্বমোট = | | | | | | | | |

অনুমোদিত স্বাক্ষর ও সীল

অনুমোদিত স্বাক্ষর ও সীল

চলমান পাতা-৫

৩.২৫। **ব্যাংকিং সেবা খাতে অর্জিত আয়ের উপর কর্তনকৃত মূসক (ভ্যাট) ঃ**

ব্যাংকিং সেবা খাতে অর্জিত আয়ের উপর কর্তনকৃত মূসক নিম্নোক্ত ছক মোতাবেক অত্র বিভাগের কর্মকর্তা জনাব মোঃ শফিকুর রহমান এর নামে ৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

ছক

বাংলাদেশ কৃষি ব্যাংক

............................... শাখা

.................................অঞ্চল

বিষয় ঃ ৩০-০৬-২০১৯ তারিখ ভিত্তিক ব্যাংকিং সেবা হতে অর্জিত আয়ের উপর কর্তনকৃত ভ্যাটের বিবরণী

| ক্রমিক | শাখা/কার্যালয়ের নাম | খাতের নাম | প্রাপ্ত কমিশন/আয়ের পরিমান | কর্তনকৃত ভ্যাটের পরিমান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

দ্বিতীয় কর্মকর্তা/অনুমোদিত কর্মকর্তা — ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

৩.২৬। **অন্যান্য খাত ঃ**

অন্যান্য খাত যেমন, স্থানীয় ক্রয়, প্রিন্টিং, নিলাম বিজ্ঞপ্তি, মেরামত ইত্যাদি (যদি থাকে) হতে কর্তকৃত ভ্যাট ও উৎসে করের খাত ও হার উল্লেখপূর্বক নিম্নোক্ত ছকে আলাদা এ্যাডভাইস প্রেরণ করতে হবে।

ছক

বাংলাদেশ কৃষি ব্যাংক

............................... শাখা

.................................অঞ্চল

বিষয় ঃ ৩০-০৬-২০১৯ তারিখ ভিত্তিক অন্যান্য বিলের উপর কর্তনকৃত ভ্যাট ও উৎসে করের বিবরণী

| ক্রমিক | শাখা/কার্যালয়ের নাম | খাতের নাম | কর্তনকৃত ভ্যাট | | কর্তনকৃত উৎসে কর | | কর্তনকৃত মোট টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ভ্যাট | হার | উৎসে কর | হার | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

দ্বিতীয় কর্মকর্তা/অনুমোদিত কর্মকর্তা — ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

৩.২৭। **কর্মকর্তা/কর্মচারীদের অগ্রিম ঃ**

ক) যানবাহন অগ্রিম ঃ যানবাহন ক্রয় অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে বার্ষিক ৭.০০% হারে সুদারোপ করে ১৩৭/১ উপ-খাত ডেবিট এবং ৪৬/৮ খাতকে ক্রেডিট করতে হবে।

খ) গৃহ নির্মান অগ্রিম ঃ গৃহ নির্মাণ অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে ব্যাংক রেট হারে সুদারোপ করতে হবে এবং উহা ১৩৭/২ উপখাত ডেবিট এবং ৪৬/৮ খাতকে ক্রেডিট করতে হবে।

গ) মোবাইল ফোন ক্রয় অগ্রিম ঃ মোবাইল ফোন ক্রয় অগ্রিমের উপর বার্ষিক ব্যাংক রেটের চেয়ে ০.৫০ টাকা বেশী দৈনিক প্রডাক্ট এর উপর সুদারোপ করে উহা ১৩৭/৭ খাত ডেবিট এবং ৪৬/৮ খাতে ক্রেডিট করতে হবে।

ঘ) কম্পিউটার ক্রয় অগ্রিম ঃ কম্পিউটার ক্রয় অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে ৬.৫০% হারে সুদারোপ করে উক্ত টাকা ১৩৭/৮ খাত ডেবিট এবং ৪৬/৮ খাত ক্রেডিট করতে হবে।

৩.২৮। **বিকেবি আন্ত শাখা লেনদেনের সাধারণ হিসাবের উপর সুদ ধার্যকরণ ঃ**

বিকেবি আন্ত শাখা লেনদেনের উপর ১৯-০২-১৯ তারিখে জারিকৃত হিসাব পরিপত্র নং-১৪/২০১৯ মোতাবেক নিম্নোক্ত হারে সুদ ধার্য করতে হবে। **অন-লাইনকৃত শাখাসমুহের সুদ সিষ্টেম হতে পাওয়া যাবে। অফ-লাইন ও ম্যানুয়াল শাখাসমুহের ক্ষেত্রে ইতঃমধ্যে অত্র বিভাগ কর্তৃক মাসিক হিসাব সমাপনী সংক্রান্ত হিসাব পরিপত্র নং ১৬/২০১৯ তারিখ ১৪-০৩-২০১৯ এর মাধ্যমে প্রেরণকৃত ই-ফরমে সাধারণ হিসাবসমূহের সুদ হিসাবায়ন করতে হবে।** সাধারণ হিসাবসমূহের উপর নীট প্রাপ্য বা নীট প্রদেয় সুদ দ্বারা একটি মাত্র এ্যাডভাইস ইস্যু করতে হবে। উক্ত এ্যাডভাইস মুআকা/আকা'র মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। কর্পোরেট শাখাসমূহ এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

**সুদের হার ঃ**

| বিবরণ | ০১-০৭-২০১৮ হতে অদ্যাবধি |
|---|---|
| প্রকা হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে | ৭.০০% |
| প্রকায় তহবিল প্রেরণের ক্ষেত্রে | ৮.৫০% |

সুদের হিসাবায়ন ঃ বৈষয়িক বিবরণীতে ১৩৩/৪২ অথবা ৪৬/১০ এর মধ্যে যে কোন একটি খাতে নীট সুদ দ্বারা ভাউচার করতে হবে। কোন অবস্থাতেই একটি শাখা উভয় খাতে ভাউচার করতে পারবে না। নিম্নোক্তভাবে সুদের ভাউচার করতে হবেঃ

| ডেবিট | | বিবরণ | ক্রেডিট | |
|---|---|---|---|---|
| টাকার পরিমাণ | হিসাব খাত | | হিসাব খাত | টাকার পরিমাণ |
| প্রাপ্য নীট সুদ | ১১১৪ | শাখা কর্তৃক নীট সুদ প্রাপ্য হলে | ৪৬/১০ | প্রাপ্য নীট সুদ |
| | | অথবা | | |
| প্রদেয় নীট সুদ | ১৩৩/৪২ | শাখা কর্তৃক নীট সুদ প্রদেয় হলে | ১১১৪ | প্রদেয় নীট সুদ |

**শাখাসমূহকে হিসাবায়নের সঠিকতা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে যে কোন ধরণের ত্রুটি প্রধান কার্যালয়ের নির্দেশনার খেলাপ হিসেবে বিবেচনা করা হবে।**

চলমান পাতা-৬

৩.২৯। **৪১-প্রদেয় হিসাব ঃ**

প্রদেয় হিসাব খাতের অনিস্পন্ন এন্ট্রিসমূহ নিস্পন্নের জন্য শাখা ব্যবস্থাপক সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করবেন যাতে করে হিসাব সমাপনী শেষে শাখায় কোন অনিস্পন্ন এন্ট্রি না থাকে। যুক্তিসংগত কারণ ছাড়া পুরাতন কোন এন্ট্রির জের নতুন বছরে স্থানান্তর করা যাবে না। অসমন্বয়ের কারণসহ অনিস্পন্ন এন্ট্রিসমুহের পূর্ণ বিবরণ উল্লেখপূর্বক এসিএফ-৮০ ফরমে প্রদেয় হিসাবের প্রতিবেদন বার্ষিক হিসাব সমাপনী বিবরণীর সঙ্গে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৩.৩০। **১৩১-আদায়যোগ্য হিসাব ঃ**

ক) আদায়যোগ্য খাতে অনিস্পন্ন এন্ট্রিসমুহ ৩০ জুন, ২০১৯ তারিখের মধ্যেই সমন্বয় করতে হবে এবং যুক্তিসংগত কারণ ব্যতীত ২ মাসের অধিক অসমন্বিত কোন এন্ট্রি পরবর্তী বছরে জের টানা যাবে না। শাখায় ডাক খরচ নির্বাহের জন্য প্রদত্ত অগ্রিমের টাকা ৩০ জুন তারিখে সমন্বয় করে পরবর্তী অর্থ বছরের ১ম কার্যদিবসে ১৩১/১১-আদায়যোগ্য হিসাব খাত ডেবিট করে নতুন অগ্রিম প্রদান করা যাবে।

খ) ১৩১-আদায়যোগ্য হিসাবে অসমন্বিত হিসাবসমুহ এসিএফ/৮০ ফরমে বিস্তারিত বিবরণ দেখাতে হবে। এই হিসাবের প্রতিটি উপ-খাতকে পৃথক শিরোনামে দেখাতে হবে এবং উহার নীচে অসমন্বিত হিসাবসমুহের বিস্তারিত বর্ণনা দিতে হবে। সর্বশেষ পৃষ্ঠায় প্রত্যেক উপ-হিসাবের অসমন্বিত স্থিতির একত্রীভূত সমন্বয় বিবরনী তৈরী করতে হবে। সকল উপ-খাতের সমষ্টি বৈষয়িক বিবরনীর ১৩১-প্রাপ্য হিসাবের স্থিতির সাথে মিলাতে হবে। ১ বছর বা তদুর্ধ সময়ের কোন এন্ট্রি অনিস্পন্ন রাখা যাবে না। **১ বছর বা তদুর্ধ সময়ের কোন এন্ট্রি অনিস্পন্ন থাকলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হয় বিধায় এর দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে।** নিম্নোক্ত ছকে অনিস্পন্ন এন্ট্রির সময়কাল ভিত্তিক বিবরণী প্রেরণ করতে হবে। ছক

৩০-০৬-২০১৯ তারিখ ভিত্তিক আদায়যোগ্য এন্ট্রির সময়কাল ভিত্তিক বিবরণী — প্রকৃত টাকায়

| অঞ্চল | শাখা | ১ বছরের নিম্নে | | ১ বছরের উর্ধ্বে | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | এন্ট্রির সংখ্যা | টাকার পরিমাণ | এন্ট্রির সংখ্যা | টাকার পরিমাণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

৩.৩১। **এক্স-এ্যাডভাইস সমন্বয়করণ** ঃ

এক্স-এ্যাডভাইস (যথাঃ ১৩১৬ ও অন্যান্য খাতে) হিসাবভুক্ত অর্থ দ্রুত সমন্বয় করতে হবে। এখাতে ১ বছর বা তদুর্ধ সময়ের কোন অসমন্বিত এন্ট্রি রাখা যাবে না। উক্ত খাতে **১ বছর বা তদুর্ধ সময়ের কোন এন্ট্রি অনিস্পন্ন থাকলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হয় বিধায় এর দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে**। নিম্নোক্ত ছকে অসমন্বিত এন্ট্রির সময়কাল ভিত্তিক বিবরণী প্রেরণ করতে হবে।

ছক

৩০-০৬-২০১৯ তারিখে ভিত্তিক এক্স-এ্যাডভাইস এন্ট্রির সময়কাল ভিত্তিক বিবরণী

প্রকৃত টাকায়

| অঞ্চল | শাখা | ১ বছরের নিম্নে | | ১ বছরের উর্ধ্বে | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | এন্ট্রির সংখ্যা | টাকার পরিমাণ | এন্ট্রির সংখ্যা | টাকার পরিমাণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

৩.৩২। **বদান্য তহবিল ও ভবিষ্য তহবিল ঃ**

ক) শাখায় রক্ষিত ০১-০১-২০১৯ হতে ৩০-০৬-২০১৯ পর্যন্ত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত বদান্য তহবিলের চাঁদা ২৩ জুন, ২০১৯ তারিখে ৪১/২১- প্রদেয় বদান্য তহবিল খাতকে ডেবিট করে প্রধান শাখার উপর এ্যাডভাইস ইস্যু করতে হবে। প্রধান শাখা অন্য সকল শাখা থেকে প্রাপ্ত এ্যাডভাইসসমুহ সাড়া প্রদান করে একটি ক্রেডিট এ্যাডভাইস এলপিও বরাবর ইস্যু করবে এবং উক্ত এ্যাডভাইস খানা প্রতিবেদনসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ১০ জুলাই, ২০১৯ এর মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) প্রেরণ করতে হবে। কর্পোরেট শাখাসমুহ ১০ জুলাই, ২০১৯ এর মধ্যে এ্যাডভাইস প্রতিবেদনসহ প্রধান কার্যালয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) প্রেরণ করবে। এলপিও কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত বদান্য তহবিলের চাঁদা এলপিও তে রক্ষিত এসএনডি হিসাব নং-৬০ জমা করবেন এবং কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) এ প্রতিবেদন প্রেরণ করবেন।

খ) ২৮-০২-১৯৯৪ তারিখে ভবিষ্য তহবিল বিভাগ হতে জারীকৃত অপারেশন পরিপত্র নং-২১/৯৪ এর নির্দেশনা অনুযায়ী বেতন প্রদানকারী শাখা জুলাই, ২০১৮ হতে জুন, ২০১৯ মাসের মধ্যে কর্তনকৃত ভবিষ্য তহবিলের চাঁদার (২১০ হিসাব খাতে জমাকৃত) জন্য একটি ক্রেডিট এ্যাডভাইস স্থানীয় মুখ্য কার্যালয়ের উপর ইস্যু করে প্রতিবেদনসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এবং কর্পোরেট শাখাসমুহ সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) এ ২৩ জুন, ২০১৯ এর মধ্যে প্রেরণ নিশ্চিত করবে।

৩.৩৩। অবসর প্রাপ্তদের প্রদত্ত মাসিক পেনশন ঃ

শাখা কর্তৃক পেনশনারদের প্রদানকৃত অর্থ (১৩১/২২-পেনশন খাতভুক্ত) ষান্মাসিক ভিত্তিতে এলপিও'র উপর ডেবিট এ্যাডভাইস ইস্যুকরণ ও প্রতিবেদন মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রতি বছর ১৫ জানুয়ারী ও ১৫ জুলাই তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখার এ্যাডভাইসসমুহ ২০ জানুয়ারী ও ২০ জুলাই তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) বরাবর প্রেরণ করবেন। কোন শাখা সরাসরি প্রধান কার্যালয়ের উপর এ্যাডভাইস ইস্যু করতে পারবে না। এখানে উল্লেখ্য যে, পেনশন প্রতিবেদন ও এ্যাডভাইসে, বদান্য অনুদানের টাকা বা অন্য কোন টাকা যুক্ত করা যাবে না।
সূত্র নং-প্রকা/হিসাব-২ঃ১৮(পেনশন)/২০১৪-১৫/৩৪২১ তারিখঃ ২৩-০৪-২০১৫

৩.৩৪। কর্মকর্তা ও কর্মচারীদের জুন, ২০১৯ মাসের বেতন প্রদান প্রসংগে ঃ

হিসাব ম্যানুয়েলের ১৩.৩৭ নং অনুচেছদের নির্দেশনা মোতাবেক প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) ও শাখা ব্যবস্থাপকগণ সকল কর্মকর্তা ও কর্মচারীদের জুন,২০১৯ মাসের বেতন উক্ত মাসের ২০ তারিখে প্রদান করবেন। উল্লেখ্য, অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদী ৪১/৩-প্রদেয় হিসাব খাতে রাখতে হবে এবং মাসের শেষ কর্মদিবসে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে প্রদান করতে হবে।

চলমান পাতা-৭

৩.৩৫। **লাভ/ক্ষতি নির্ণয় ও এ্যাডভাইস ইস্যুকরণ ঃ**

৩০ জুন, ২০১৯ তারিখে শাখার লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য করণীয় ঃ

- আয় ও ব্যয় হিসাব খাত বন্ধ করার জন্য নিম্নোক্ত স্থানান্তর ভাউচার করতে হবে ঃ

| ডেবিট | বিবরণ | ক্রেডিট |
|---|---|---|
| ৪৬-আয় হিসাব | আয় হিসাব বন্ধ করার জন্য | ১৩-লাভ-ক্ষতির হিসাব |
| ১৩-লাভ-ক্ষতির হিসাব | ব্যয় হিসাব বন্ধ করার জন্য | ১৩৩-ব্যয় হিসাব |

- শাখার অর্জিত লাভ/ক্ষতির হিসাবভুক্ত করার জন্য নিম্নোক্ত স্থানান্তর ভাউচার করতে হবে ঃ

| ডেবিট | বিবরণ | ক্রেডিট |
|---|---|---|
| ১৩-লাভ-ক্ষতির হিসাব | ১৩ খাতে ক্রেডিট স্থিতি/লাভ হলে | ১১১৪-বিকেবি, সাধারণ হিসাব |
| ১১১৪-বিকেবি, সাধারণ হিসাব | ১৩ খাতে ডেবিট স্থিতি/ক্ষতি হলে | ১৩-লাভ-ক্ষতির হিসাব |

অর্জিত লাভ/ক্ষতির জন্য ক্রেডিট/ডেবিট এ্যাডভাইস ইস্যু করতে হবে। উক্ত এ্যাডভাইস মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে রিটার্ণের সাথে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-১) এ প্রেরণ করবেন। কর্পোরেট শাখা উক্ত এ্যাডভাইস রিটার্ণের সাথে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-১) এ প্রেরণ করবেন।

৩.৩৬। **ব্যয় হিসাব ঃ**

জুলাই, ২০১৮ হতে জুন, ২০১৯ পর্যন্তত সকল ব্যয় সঠিক উপ-খাতে অন্তর্ভুক্ত করতে হবে এবং সাধারণ খতিয়ান বইয়ের ১৩৩ ব্যয় হিসাব খাতের স্থিতির সাথে সকল ব্যয়ের উপ-খাতের সমষ্টি অবশ্যই মিলতে হবে। জুন/২০১৯ পর্যন্ত খরচ হয়েছে কিন্তু পরিশোধিত হয়নি এমন ব্যয় প্রভিশন করে যথাযথ হিসাব খাতে অন্তর্ভূক্ত করতে হবে।

৩.৩৭। **নিয়ন্ত্রণকারী কার্যালয় ও অডিট অফিসসমুহের খরচ প্রধান কার্যালয়ে প্রেরণ ঃ**

নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ (বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়) এবং অডিট অফিসসমুহের (বিভাগীয় নিরীক্ষা/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়) ০১-০১-২০১৯ হতে ৩০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত বেতন ভাতা ও অন্যান্য খরচ প্রদানকারী শাখা কর্তৃক খরচের বিবরণীর সফট্ কপিসহ একটি মাত্র ডেবিট এ্যাডভাইস্ প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এ প্রেরণ করবেন।

৩.৩৮। **মনোহারী দ্রব্যাদি সরবরাহ হিসাব ঃ**

বার্ষিক হিসাব সমাপনীকালে শাখা কর্তৃক ব্যবহৃত মনোহারী ও সরবরাহকৃত দ্রব্যাদি যেমন হিসাবের বহি, রেজিষ্টার ও অন্যান্য মুদ্রিত ফরম ইত্যাদির খরচ ১৩৩/২১-এ ডেবিট এবং বিপরীত দিকে মনোহরী ও সরবরাহ হিসাব খাত ১৩২ ক্রেডিট করতে হবে। বার্ষিক হিসাব সমাপনীর অন্যান্য বিবরণীর সাথে এসিএফ-৮৫ এর মাধ্যমে ৩০ জুন তারিখে মজুদ মনোহারী দ্রব্যাদির বিবরণ দাখিল করতে হবে।

৩.৩৯। **ঋণ অবলোপন, শ্রেণীকৃত ঋণের উপর সুদারোপ ঃ**

ক) ঋণ অবলোপন এর হিসাবায়ন ও তথ্য সংরক্ষণে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ১৬-০৮-২০০৩ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২০/২০০৩ এবং ঋণ আদায় বিভাগের ০২-১০-০৭ তারিখের পত্র প্রকা/আদায়-১১(২)/০৭-০৮/৭৯১(১২৫০) যথাযথাভাবে অনুসরণ করতে হবে। অত্র বিভাগের ০৪-০৮-০৫ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/১(২৫)হিঃপ/ ০৫-০৬/২৭৯ এর নির্দেশনা অনুযায়ী অবলোপনকৃত ঋণ আদায় হলে তা শাখার ঋণের সুদ আয় হিসাব ৪৬/১ খাতে ক্যাশ ডেবিট ভাউচারের মাধ্যমে আদায় করতে হবে। উল্লেখ্য, এক্ষেত্রে সমপরিমাণ টাকা দ্বারা কন্ট্রা হিসাব খাত ৬১১-ঋণ অবলোপন কে ডেবিট এবং ১২১১-ঋণ অবলোপন খাতকে ক্রেডিট করে একটি স্থানান্তর ভাউচার করতে হবে।

খ) ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ০২-১২-২০১২ তারিখের পত্র নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১২-১৩/২৩৫(১২০০) এর মাধ্যমে জারীকৃত বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৪ তারিখ ২৩-০৯-২০১২ এর নির্দেশনা, এর ধারাবাহিকতায় এতদসংক্রান্ত জারীকৃত পরিপত্রের নির্দেশনা এবং ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১২-০৫-২০১৯ তারিখের পত্র নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১৮-১৯/৪০৪(১২০০) এর মাধ্যমে জারীকৃত বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ ২১-০৪-২০১৯ এর নির্দেশনা ও সর্বোপরি ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ৩০-০৬-২০১৯ সূত্র তারিখ ভিত্তিক ৪৭তম ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী প্রস্তুতকরণ সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক প্রযোজ্যতা অনুযায়ী শ্রেণীবিন্যাসকরণ এবং এসএমএ ঋণের উপর আরোপিত সুদ বিধি অনুযায়ী আয় খাতে ও এসএস/ডিএফ ঋণের উপর আরোপিত সুদ ৫২-স্থগিত সুদ খাতে হিসাবভুক্ত করতে হবে। তাছাড়া BL শ্রেণীকৃত ঋণ হিসাবে সুদ আরোপ বন্ধ থাকবে।

৩.৪০। **ঋণ ও অগ্রিমের সুদ ঃ**

ট্রেজারী ম্যানেজন্ট বিভাগের ২০-০৮-২০১৮ তারিখের হিসাব পরিপত্র নং-১১/২০১৮ মাধ্যমে ঋণ ও অগ্রিমের সুদহার পুনঃনির্ধারন করা হয়েছে সে মোতাবেক সুদ আরোপ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

৩.৪১। **সম্পদ ও সম্পত্তি হিসাব ঃ**

অত্র বিভাগের পত্র নং-প্রকা/হিসাব-১/১৪(বিএস)/২০১৭-১৮/৭২১(৬৩) তারিখ ২০-১২-২০১৭ অনুযায়ী সকল ক্রয়কৃত সকল ডেডষ্টক বা স্থায়ী সম্পদের Date of invoice হতে অবচয় ধার্য্য করতে হবে। বিগত বছর ক্রয়কৃত সকল ডেডষ্টক বা স্থায়ী সম্পদের ক্রয় মুল্যের উপর অবচয় ধার্য করতে হবে। অত্র বিভাগ হতে সম্পত্তির অবচয়ের বিবরণীর সফট্ কপি সংযুক্তি 'গ' মোতাবেক প্রেরণের উদ্দেশে একটি ই-ফরম প্রেরণ করা হবে। **অত্র বিভাগ হতে ১৭-০১-২০১৮ তারিখে জারীকৃত পত্র নং-প্রকা/হিসাব-১/১(২৪)/২০১৭-১৮/৮৪৫ মোতাবেক সংশ্লিষ্ট খাতে অবচয় হিসাবভুক্ত করার জন্য পরামর্শ দেয়া হলো।** ছকে উল্লেখিত হারে সম্পদের উপর অবচয় ধার্য্য করতে হবেঃ

| ক্র | সম্পদের নাম | বার্ষিক অবচয়ের হার |
|---|---|---|
| (ক) | আসবাবপত্র | ১০% |
| (খ) | অফিস সরঞ্জাম | ১৫% |
| (গ) | অফিসের যন্ত্রপাতি | ২০% |
| (ঘ) | বৈদ্যুতিক সরঞ্জাম | ২০% |
| (ঙ) | মোটর গাড়ী ও অন্যান্য যানবাহন | ২০% |
| (চ) | জমি | শুন্য |
| (ছ) | ইমারত | ২.৫% |

চলমান পাতা-৮

৩.৪২। **কম্পিউটারাইড শাখাসমূহের করণীয় ঃ**

**অন-লাইন শাখাসমূহের ক্ষেত্রে ঃ**

